JAN. [illegible] 0 200[illegible]

# ১৪ ফেব্রুয়ারি খুলনা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন

খুলনা প্রতিনিধি

খুলনা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনের তারিখ চূড়ান্ত হয়েছে। আগামী ১৪ ফেব্রুয়ারি এ সমাবর্তন অনুষ্ঠিত হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯৬-৯৭, '৯৭-৯৮, '৯৮-৯৯ শিক্ষাবর্ষে উত্তীর্ণ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের মধ্যে সনদপত্র বিতরণ করবেন। সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক এবং সমাবর্তন বক্তা হিসাবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এটিএম জহুরুল হক।

১৯৯০-৯১ সালে শিক্ষা কার্যক্রম চালু হওয়ার পর খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হয় ১৯৯৭ সালের ১০ এপ্রিল।